

দেওয়ান রানীদুলা হাঙ্গাম



পরিবেশ

পরিবেশ সংরক্ষণের
আন্দোলন
আমেরিকাতো শুরু হয়।
পৃথিবীতে মানুষের অন্যান্য
জীবের বসবাসের পরিবেশ
আজ চরম হুমকির সম্মুখীন।
এটি আজ কারও অজানা
নয়। এই বিপন্ন পরিবেশকে
রক্ষার দায়িত্ব আজ বড় হয়ে দেখা দিয়েছে। পরিবেশ
বিজ্ঞানীরা আশঙ্কা করছেন যে, আমরা যদি এখন
থেকেই না করি তবে আগামী কুড়ি বছরের মধ্যে
আমাদের এই রূপ-রস-গন্ধ ভরা প্রিয় জনাত্মি
বসবাসের অযোগ্য হয়ে পড়বে। এজন্য পৃথিবীব্যাপী
আজ চপাচ্ছে পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নের উদ্যোগ।
সম্মতি বাংলাদেশে সরকারি ও বেসরকারি পর্যায়ে
বিভিন্ন কর্মসূচির মাধ্যমে জনগণকে পরিবেশ উন্নয়নে
উদ্বুদ্ধ করা হচ্ছে, যা জনমানে নতুন আশা ও উৎসাহ
সঞ্চার করেছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ কৃষি
বিশ্ববিদ্যালয় (বাকুবি) কমিউনিটি কাউন্সিল ও
পরিবেশ উন্নয়ন কর্মসূচি ২০০২'কে ষাণ্ডাত
জানিয়েছে। এই কর্মসূচির প্রতি একান্ততা ঘোষণা
করে ডাইস-টীমেলের প্রফেসর ম. মুজাফিজুর রহমান

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে পরিবেশ উন্নয়নে নানা কর্মসূচি

বালেন, বাকুবি চত্বরে
শিক্ষিত ও সচেতন
জনগোষ্ঠী বসবাস করে
থাকেন। এখানে
প্রত্যেকেই নিজ নিজ
পরিবেশ উন্নয়নে সক্রিয়
উদ্যোগ নিলে আমরা
অন্যায়ভাবে পরিবেশ দূষণ
থেকে মুক্তি পাব।
বাংলাদেশ কৃষি
বিশ্ববিদ্যালয় চত্বরে
কমিউনিটি কাউন্সিল
কর্তৃক গৃহীত পরিবেশ
উন্নয়ন কর্মসূচি ২০০২'-
এর



যতঃসুতভাবে অংশগ্রহণ
করে আমাদের
পারিপার্শ্বিক, সামাজিক,
স্বাস্থ্য এবং নৈতিক
পরিবেশ উন্নয়ন করে এই
ছোট চত্বরটিকে পরিণত
করায় একটি সুন্দর ও
মনোরম আবাসস্থলে।
কর্মসূচি বাস্তবায়িত হলে
জাতীয় পরিবেশ উন্নয়নে
তা নতুন দৃষ্টান্ত স্থাপনে
সমর্থ হবে।
মানুষ প্রতিনিয়ত তার
প্রয়োজনে প্রকৃতির ওপর
হাত দিয়ে প্রাকৃতিক

ভারসাম্য নষ্ট করে ফেলেছে। আর সেই সঙ্গে দূষিত
করছে প্রাণিকুলের প্রাণধারণের অপরিহার্য উপাদান
বায়ুকে।

পৃথিবীর আদি অবস্থায় যে পরিমাণ কার্বন-ডাই-
অক্সাইড ছিল এখন তা আগের তুলনায় ১৫ ভাগ
বেশি। এজন্য পরিবেশ সুবক্ষার জন্য আমাদের
এখনই সচেতন হতে হবে।

সবার আগে, মুক্ত বাতাস এবং সুস্থ জীবনের দিকে
লক্ষ্য রেখে বিশ্ববিদ্যালয় কমিউনিটি কাউন্সিলের পক্ষ
থেকে বেশ কিছু কর্মসূচি হাতে নেয়া হয়েছে। ১৯শে
এপ্রিল ২০০২ থেকে কর্মসূচি শুরু হয়েছে। এই
কর্মসূচি বাস্তবায়নে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সকলের
সহযোগিতা চেয়েছেন।

কমিউনিটি কাউন্সিলের সভাপতি প্রখ্যাত বিজ্ঞানী
প্রফেসর ড. আবদুল্লাহ আল মামুন এবং সদস্য সচিব
ডেপুটি রেজিস্ট্রার মো. শহীদ-দাদ খান বিশ্ববিদ্যালয়
চত্বরে অবস্থিত আবাসিক এলাকার বাসিন্দাদের
পরিবেশ উন্নয়ন কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আহ্বান
জানিয়েছেন।

দক্ষিণ পূর্ব এশিয়ার শ্রেষ্ঠ শিক্ষাদান বাংলাদেশ কৃষি
বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও পরিবেশ উন্নয়নে স্থায়ী
সুফল ও সমৃদ্ধি পেতে হলে আমাদের সশিখিত
প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।